

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪৫৫

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ৄৣৄর্ভ্জ) থেকে বর্ণিত (ৣৄর্ভ্জুরাট্র আর্ট্রাট্র) পরিচ্ছেদঃ যখন খানা খাবে তখন কী পড়বে

باب مَا يَقُولُ إِذَا أَكَلَ طَعَامًا

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ زَيْدٍ، عَنْ عُمَرَ، وَهُوَ ابْنُ أَبِي حَرْمَلَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ دَخَلْتُ مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَنَا وَخَالِدُ بْنُ الْوَلِيدِ عَلَى مَيْمُونَةَ فَجَاءَتْنَا بِإِنَاءٍ مِنْ لَبَنِ فَشَرِبَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَأَنَا عَلَى يَمِينِهِ وَخَالِدٌ عَلَى شِمَالِهِ فَقَالَ لِي " الشَّرْبَةُ لَكَ فَإِنْ شِئْتَ آثَرْتَ بِهَا وسلم وَأَنَا عَلَى يَمِينِهِ وَخَالِدٌ عَلَى شُمَالِهِ فَقَالَ لِي " الشَّرْبَةُ لَكَ فَإِنْ شِئْتَ آثَرْتَ بِهَا خَالِدًا " . فَقُلْتُ مَا كُنْتُ أُوثِرُ عَلَى سُوْرِكَ أَحَدًا . ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ أَطْعَمَهُ اللَّهُ الطَّعَامَ فَلْيَقُلِ اللَّهُمَّ بَارِكْ لَنَا فِيهِ وَأَطْعِمْنَا خَيْرًا مِنْهُ . وَمَنْ سَقَاهُ اللَّهُ لَبَنًا فَلْيَقُلِ اللَّهُمَّ بَارِكْ لَنَا فِيهِ وَزِدْنَا مِنْهُ " . وَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسَلَم " لَيْسَ شَيْءٌ يَجْزِي مَكَانَ الطَّعَامِ وَالشَّرَابِ غَيْرُ اللَّبَنِ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ . وَقَالَ رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وقَدْ رَوَى بَعْضَهُمْ هَذَا الْحَدِيثَ عَنْ عَلِيّ بْنِ زَيْدٍ فَقَالَ عَنْ عُمْرَ بْنِ حَرْمَلَةَ . وَقَالَ وَقَالَ عَنْ عُمْرُ و بْنُ حَرْمَلَةَ وَلَا يَصِيثُ .

বাংলা

৩৪৫৫. আহমাদ মানী (রহঃ) ইবন আব্বাস রাদিয়াল্লাছ্ আনছ্ থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে আমি ও খালিদ ইবন ওয়ালীদ রাদিয়াল্লাছ্ আনছ্ মায়মুনা রাদিয়াল্লাছ্ আনহা এর ঘরে গেলাম। তিনি আমার কাছে একটি দুধ ভর্তি পাত্র নিয়ে এলেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম দুধ পান করলেন। আমি ছিলাম তার ডান পার্শ্বে আর খালিদ ছিলেন তার বাম পার্শ্বে। নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেনঃ এখন তা পান করার অধিকার তো তোমার, তবে ইচ্ছা করলে তুমি খালিদকে প্রধান্য দিতে পার। আমি বললামঃ আপনার পানের অবশিষ্টের ব্যপারে আমি কাউকে অগ্রাধিকার দিতে প্রস্তুত নই। এরপর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ কাউকে আল্লাহ্ তা'আলা কোন খাদ্য আহার করালে সে যেন বলেঃ



اللَّهُمَّ بَارِكْ لَنَا فِيهِ وَأَطْعِمْنَا خَيْرًا مِنْهُ

হে আল্লাহ! তুমি বরকত দাও এতে আর এর চেয়েও ভাল কিছু আমাদের আহার করাও।

আর যাকে আল্লাহ তা আলা দুধ পান করান সে যেন বলেঃ

(اللَّهُمَّ بَارِكْ لَنَا فِيهِ وَزِدْنَا مِنْهُ)

হে আল্লাহ! আমাদের এতে বরকত দাও এবং তা আরো বেশি করে দাও আমাদের।

তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ খাদ্য ও পানীয় উভয়টির স্থলে যথেষ্ট হতে পারে দুধ ছাড়া এমন কিছু আর নেই।

হাসান, ইবনু মাজাহ ৩৩২২, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৪৫৫ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান। কোন কোন রাবী এ হাদীসটি আলী ইবন যায়দ (রহঃ) সূত্রে উমার ইবন হারমালা (রহঃ) থেকে বর্ণনা করেছেন। আবার কেউ কেউ আমর ইবন হারমালা বলেছেন কিন্তু তা ঠিক নয়।

English

Ibn Abbas narrated:

"I entered with the Messenger of Allah (**), I and Khalid bin Al-Walid, upon Maimunah so she brought us a vessel of milk. The Messenger of Allah (**) drank from it. I was upon his right and Khalid was upon left, so he said to me: 'The (turn to) drink is for you, so if you wish, you could choose to grant it to Khalid.' So I said: 'I would not prefer anyone (above myself) for your leftovers.' Then the Messenger of Allah (**) said: 'Whoever Allah feeds some food, then let him say: "O Allah, bless it for us, and feed us better than it, (Allāhumma bārik lanā fīhi wa aṭ`imnā khairan minhu)" and whomsoever Allah gives milk to drink, then let him say: "O Allah bless it for us, and grant us increase in it (Allāhumma bārik lanā fīhi wa zidnā minhu)." And the Messenger of Allah (**) said, 'There is nothing that suffices in the place of food and drink except for milk.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন